



পোলিং এজেন্টদের কেন্দ্র থেকে বের করার অভিযোগ তাসনিম জারার



তাসনিম জারা। ছবি: সংগৃহীত

ঢাকা-৯ আসনের স্বতন্ত্র প্রার্থী ডা. তাসনিম জারা অভিযোগ করেছেন, নির্বাচনি এলাকায় তার পোলিং এজেন্টদের বিভিন্ন অজুহাতে বাইরে সরিয়ে দেওয়া হচ্ছে। তিনি নির্বাচনের সূষ্ঠতা নিয়েও উদ্বেগ প্রকাশ করেছেন।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) নিজের নির্বাচনি এলাকা পরিদর্শনের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি এসব মন্তব্য করেন।

ডা. তাসনিম জারা বলেন, অনেক পোলিং এজেন্টকে কেন্দ্রের ভেতরে প্রবেশের অনুমতি দেওয়া হচ্ছে না, আবার কিছুকে বাইরে বের করে দেওয়া হচ্ছে। কেন্দ্রগুলোতে বলা হচ্ছে, তারা ওই এলাকার ভোটার নন। কিন্তু আইন অনুযায়ী, পোলিং এজেন্ট হওয়া জন্য কোনো নির্দিষ্ট ভোটারের শর্ত নেই। তিনি জোর দিয়েছেন, ভোট গ্রহণ সুষ্ঠু ও স্বচ্ছ হওয়া উচিত।

এর আগে এই প্রার্থী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের জন্য ঢাকা-৯ আসনের ভোটার হলেও সকাল ৮টা ৪০ মিনিটে ঢাকা-১১ আসনের খিলগাঁওয়ের তালতলা প্রাইম স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে ভোট দেন।

LENS ASIA